গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১৫০.৭১.০০১.২২.১১৬

তারিখ: ০৭ চৈত্র ১৪২৯
২১ মার্চ ২০২৩

**বিষয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের ৩য় প্রান্তিক-এর 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | গোলাম মোঃ হাসিবুল আলম<br>সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১২ মার্চ ২০২৩, সকাল ১২:১৫ টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২. উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ তাঁদের পরিচয় প্রদান করেন। প্রারম্ভিক বক্তব্যে সভাপতি বলেন, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা যায়। এর ফলে সার্বিক নাগরিক সেবা নিশ্চিত করা যাবে। এ ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য সকল প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান। তিনি এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনা যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

৩. অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর প্রত্যেক কোয়ার্টারের কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদেঁর মতামত ব্যাক্ত করেন।

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী তৃতীয় প্রান্তিকের সার্বিক কার্যক্রমে সভাপতি সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখা ও সকল প্রতিষ্ঠানকে শুদ্ধাচারের আলোকে পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে বলেন, সরকার সোনার বাংলা গড়ার একটি মহৎ প্রত্যয় নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে এবং নিজ নিজ দায়িত্ব সততার সাথে পালনের জন্য সকলকে আহ্বান জানানো হয়।

৫. বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. সকল দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নকৃত অগ্রগতি প্রতিবেদন প্রান্তিক শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

খ. মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে;

গ. সকল দপ্তর/সংস্থা ২০২২-২৩ এর কর্ম-পরিকল্পনার ৩য় প্রান্তিকের প্রতিবেদন আগামী ০২ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৬. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

গোলাম মোঃ হাসিবুল আলম
সিনিয়র সচিব
এবং সভাপতি
নৈতিকতা কমিটি, প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১৫০.৭১.০০১.২২.১১৬ তারিখ: ০৭ চৈত্র ১৪২৯ / ২১ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)
০২. কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
০৩. সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৪. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৫. মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৬. কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
০৭. মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা।
০৮. কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস।
০৯. কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১০. কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১. সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
১৩. সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৪. নৌসদর , পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, বনানী, ঢাকা।
১৫. বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬. প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭. সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, সেক্টর-৬, উত্তরা, ঢাকা।
১৯. মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২০. পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
২১. পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২২. মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৩. পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২৪. পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৫. পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৬. অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।

অনুলিপি:

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (অনুবিভাগ-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা [যুগ্মসচিব (অনুবিভাগ-২) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪. অফিস কপি/মাস্টার কপি।

২১.৩.২৩

মোঃ আবু আব্দুল্লাহ্
যুগ্মসচিব
এবং ফোকাল পয়েন্ট নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়